

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩২৩.১৬

তারিখ : ১২/২০১৬ খ্রিঃ

বিষয় : বেতন বৈষম্য দুরীকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্রাফট ইনস্ট্রাক্টর (ল্যাব) পূর্বতন ল্যাবরেটরী বিয়ারার জনাব বরুন কুমার গুহ রায় বেতন বৈষম্য দুরীকরণ বিষয়ে আবেদন করেন। তাঁর আবেদনের স্বপক্ষে প্রমাণক চাওয়া হলে তিনি সঠিক প্রমাণক দাখিল করতে পারেননি। পরবর্তীতে তাঁকে তাঁর দাবীর বিষয়ে গত ২৪/১১/২০১৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.০০ ঘটিকায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের পরিচালক(ভোকেশনাল) মহোদয়ের কক্ষে সাক্ষাতকার গ্রহণ করা হয়।

২. সাক্ষাতকারে তাঁর দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র ও যুক্তি উপস্থাপন করতে না পারায় তাঁর বেতন বৈষম্য দুরীকরণের বিষয়টি মঞ্জুর করা গেল না। উল্লেখ্য যে, পরবর্তীতে তাঁর দাবীর স্বপক্ষে যুক্তিসঙ্গত কাগজপত্র উপস্থাপন করতে পারলে বিষয়টি পুনরায় বিবেচনা করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক

ফোন- ৮১৮১২৩০

জনাব বরুন কুমার গুহ রায়
ক্রাফট ইনস্ট্রাক্টর (ল্যাব)
নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ
নীলফামারী।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩২৩.১৬ / ১৭৮৮(৩)

তারিখ : ২১ / ১২/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। অধ্যক্ষ, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ, নীলফামারী।
০২। সহকারী পরিচালক (শাখা-০৭), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। সংরক্ষণ নথি।

(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক

ফোন- ৮১৮১২৩০